


- ০৩। যার দরপত্র গৃহীত হইবে তাহার দাখিলকৃত জামানতের ৩০% অর্থ হইতে ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বাংলা সন সমাপনাতে অব্যবহৃত অর্থ (জামানত) জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হইবে।
- ০৪। দরপত্রে উল্লিখিত দরে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা এবং স্বাক্ষর বিহীন দরপত্র গ্রহণ করা হইবে না।
- ০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট মহলের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারীমূল্য হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে না। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাজিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।
- ০৬। এক পর্বের ও এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্বে অন্য হাট/বাজারের জন্য দরপত্র হিসাবে দাখিল করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোনপত্র সিডিউল বিক্রয় করা হইবে না।
- ০৭। যাহার দরপত্র গৃহীত হইবে তাঁকে পত্রদ্বারা অবহিত করা ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ এবং দাখিলকৃত উল্লিখিত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট, (মূল্য সংযোজন কর) কোড নং ১-১১৩৩-০০০১-০৩১১ খাতে এবং ১০% আয়কর, কোড নং-১-১১৪১-০০৫৫-০১১১ খাতে ট্রেজারী চালানের মাধ্যমেই অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।
- ০৮। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও উপরে হাট/বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ০৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
- ১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।
- ১১। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত হাট/বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১৩। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে সংশ্লিষ্ট হাট/বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।
- ১৪। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
- ১৫। হাট বাজারের সীমানা বহাল রাখিতে হইবে। কোন অবৈধ ঘর নির্মান করা যাইবে না। টোল আদায় ব্যতিত হাট বাজারের কোন জায়গা অন্য কাজে ব্যবহার করা যাইবে না।
- ১৬। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।
- ১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
- ১৮। হাট-বাজার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।
- ১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।


 ১৪/০১/২০২৬
 (গয়াসিউজ্জামান চৌধুরী)
 উপজেলা নির্বাহী অফিসার
 পাইকগাছা, ফুলনা
 ফোন : ০২৪৭৭৭-৩১৬০৬
 unopalkgacha@mopa.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৬৪.০০১.০২.০০৬.২৬-৭২

তারিখ

৩০ পৌষ ১৪৩২ বঙ্গ
১৪ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, খুলনা
- ২। পুলিশ সুপার, খুলনা
- ৩। প্রশাসক, পাইকগাছা পৌরসভা, পাইকগাছা, খুলনা
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, কয়রা, ডুমুরিয়া, বটিয়াঘাটা, দিঘলিয়া, ফুলতলা, তেরখাদা, রূপসা, খুলনা
- ৬। সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা, খুলনা
- ৭। অফিসার ইনচার্জ, পাইকগাছা থানা
- ৮। উপজেলা অফিসার, পাইকগাছা, খুলনা
- ৯। চেয়ারম্যান/প্রশাসক (সকল) ইউপি, পাইকগাছা, খুলনা। তাঁকে নিজ এলাকায় অবস্থিত হাট বাজারসমূহের ইজারার বিজ্ঞপ্তির বিষয়ে মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ইউনিয়ন ভূমি অফিস, পাইকগাছা, খুলনা। তাঁকে নিজ এলাকায় অবস্থিত হাট বাজারসমূহের ইজারার বিজ্ঞপ্তির বিষয় হাটের দিন টোলসহরত/মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। জনাব (প্রাক্তন ইজারাদার) পাইকগাছা, খুলনা
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি, পাইকগাছা, বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের জন্য।
- ১৩। অফিস নথি।



১৪/০১/২০২৬

(ওয়াসিউজ্জামান চৌধুরী)

উপজেলা নির্বাহী অফিসার

পাইকগাছা, খুলনা

ফোন : ০২৪৭৭৭-৩১৬০৬

unopaikgacha@mopa.gov.bd